

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৭৪৯

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৫৭. নেতার দেওয়া ওয়াদা পালন করা।

### باب فِي الْإِمَامِ يُسْتَجَنُّ بِهِ فِي الْعُهُودِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، أَخْبَرَنِي عَمْرُو، عَنْ بُكَيْرِ بْنِ الْأَشَجِّ،  
عَنِ الْحَسَنِ بْنِ عَلِيٍّ بْنِ أَبِي رَافِعٍ، أَنَّ أَبَا رَافِعٍ، أَخْبَرَهُ قَالَ بَعَثَنِي قُرَيْشٌ إِلَى رَسُولِ اللَّهِ  
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُلْقِيَ فِي قَلْبِي  
الْإِسْلَامُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي وَاللَّهِ لَا أَرْجِعُ إِلَيْهِمْ أَبَدًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ  
عَلَيْهِ وَسَلَّمَ " إِنِّي لَا أَخِيسُ بِالْعَهْدِ وَلَا أَحْبِسُ الْبُرْدَ وَلَكِنْ أَرْجِعُ فَإِنْ كَانَ فِي نَفْسِكَ  
الَّذِي فِي نَفْسِكَ الْآنَ فَارْجِعْ " . قَالَ فَذَهَبْتُ ثُمَّ أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ  
فَأَسْلَمْتُ . قَالَ بُكَيْرٌ وَأَخْبَرَنِي أَنَّ أَبَا رَافِعٍ كَانَ قَبْطِيًّا . قَالَ أَبُو دَاوُدَ هَذَا كَانَ فِي ذَلِكَ  
الزَّمَانِ فَأَمَّا الْيَوْمَ فَلَا يَصْلُحُ .

বাংলা

২৭৪৯. আহমদ ইবন সালিহ (রহঃ) ..... আবু রাফি' (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ কুরাশরা আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট পাঠায়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখার সাথে সাথেই আমার অন্তরে ইসলাম গ্রহণের প্রেরণা সৃষ্টি হয়। তখন আমি বলিঃ ইয়া রাসূলুল্লাহ! আল্লাহর কসম! আমি কখন-ই তাদের কাছে ফিরে যাব না। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি ওয়াদা খিলাফ করব না এবং দূতকে বন্দী করব না; বরং তুমি ফিরে যাও। অবশ্য সেখানে ফিরে যাওয়ার পর তোমার অন্তরে যদি এরূপ খেয়াল অবশিষ্ট থাকে, যা এখন আছে, তাহলে তুমি ফিরে এসো। রাবী আবু রাফি' (রাঃ) বলেনঃ তখন আমি ফিরে যাই এবং পরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে ইসলাম কবুল করি।

বুকাযব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমার নিকট [হাসান ইবন 'আলী (রাঃ) এরূপ খবর দিয়েছেন যে, আবু রাফি' (রাঃ)] একজন ক্রীতদাস ছিলেন। আবু দাউদ (রহঃ) বলেনঃ এটা সেই যামানায় ছিল, এখন এরূপ বলা সঠিক হবে না (অর্থাৎ সাহাবীদের শানে এরূপ বলা উচিত নয়)।

## English

Narrated AbuRafi':

The Quraysh sent me to the Messenger of Allah (ﷺ), and when I saw the Messenger of Allah (ﷺ), Islam was cast into my heart, so I said: Messenger of Allah, I swear by Allah, I shall never return to them. The Messenger of Allah (ﷺ) replied: I do not break a covenant or imprison messengers, but return, and if you feel the same as you do just now, come back. So I went away, and then came to the Prophet (ﷺ) and accepted Islam.

The narrator Bukair said: He informed me that Abu Rafi' was a Copt.

Abu Dawud said: This was valid in those days, but today it is not valid.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু রাফি' (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34857>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন